



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১  
(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)



স্মারক নং-বায়শিবো/পরী/আলিম-২০২০/৪৬৮

তারিখ : ২৭ মাঘ, ১৪২৭  
১০ ফেব্রুয়ারি, ২০২১

## আলিম পরীক্ষা-২০২০ এর অব্যয়িত কেন্দ্র ফি এবং বোর্ড ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

কোভিড-১৯ মহামারির কারণে ২০২০ সালের আলিম পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়। গত ০৭ অক্টোবর ২০২০ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় পরীক্ষার ফরম পূর্বকারী পরীক্ষার্থীদের দাখিল/সমমান এবং জেডিসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০২০ সালের আলিম পরীক্ষার ফল প্রকাশের ঘোষণা প্রদান করেন। তাই পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থ এবং বাবহারিক ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৩৮ তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির ৫২৯ তম সভায় অনুমোদিত হয়।

২০২০ সালের আলিম/সমমান পরীক্ষার অব্যয়িত কেন্দ্র ফি ও বোর্ড ফি ফেরত প্রদান:

- (ক) বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত : ২০২০ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিলেন তাদের প্রবেশ পত্রে উল্লিখিত প্রতিটি পত্রের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি (তথ্যীয়) ৩০.০০ (ত্রিশ) টাকা করে এবং বাবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি আনু ১০.০০ (দশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।
- বোর্ড কর্তৃক ফেরত প্রদানের অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে। পরীক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ গ্রহণ করবে।
- (খ) কেন্দ্র ফি হতে পরীক্ষার্থীকে ফেরত : ২০২০ সালের আলিম পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিলেন তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ২০০.০০ (দুইশত) টাকা করে এবং আইসিটি বিষয়ের পরীক্ষার্থীদের ক্ষেত্রে অতিরিক্ত আরও ২৫.০০ (পঁচিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে। এছাড়াও প্রবেশ পত্রে উল্লিখিত (আইসিটি ব্যক্তি) সকল বাবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি আরও অতিরিক্ত ৪৫.০০ (পয়তাল্লিশ) টাকা ফেরত প্রদান করা হবে। পরীক্ষার্থী কেন্দ্র ফি বাবদ অব্যয়িত উক্ত অর্থ তার শিক্ষা প্রতিষ্ঠান হতে গ্রহণ করবে।
- (গ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রাপ্য : সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ১০% এবং আইসিটি বাবহারিক বিষয়ের জন্য আদায়কৃত ফি থেকে পরীক্ষার্থী প্রতি ২০.০০ (বিশ) টাকা ফরম পূরণ ও আনুষঙ্গিক কাজের ব্যয় নির্বাহ করবে।
- (ঘ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রকে প্রদান : ২০২০ সালের আলিম পরীক্ষায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান পরীক্ষার্থী প্রতি সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রকে ১৬০.০০ (একশত ষাট) টাকা হারে প্রদান করবে। কেন্দ্র উক্ত অর্থ পরীক্ষার গোপনীয় কাগজপত্র পরিবহন ও বোর্ডে জমাদান, সংরক্ষণ এবং প্রশাসনিক ব্যয় নির্বাহ করবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

মোঃ কামাল উদ্দিন  
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬২৭৯০৮

ই-মেইল : controller@bmeb.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলিরোড, ঢাকা।
- (৩) মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৫) রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (৬) জেলা প্রশাসক (সকল)।
- (৭) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- (৮) অধ্যক্ষ/ডায়েরি প্রাপ্ত কর্মকর্তা (সকল)।
- (৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (১১) পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (১২) অফিস কপি।

২০/২/২১

২০/২/২১

ড. মোঃ ইসাইন মাহমুদ ফারুক  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৫৩৬৯

২০/২/২১